



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

শৃঙ্খলা ও আপিল বিভাগ
www.pallisanchaybank.gov.bd

পসব্য/প্রকা/প্রশা-২২(৩৯৯)/২০২৩-২০২৪/০৮৮

তারিখ: ২৭ সেপ্টেম্বর, ২০২৩

পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ মোতাবেক জনাব সিরাজুদ্দৌলা (এস ৯৬৫), কম্পিউটার অপারেটর, আনোয়ারা শাখা, চট্টগ্রাম-এর বিরুদ্ধে রুজুকৃত শৃঙ্খলাজনিত বিভাগীয় মোকদ্দমা নম্বর ২১ /২৩-২৪

অভিযোগনামা

যেহেতু আপনি জনাব সিরাজুদ্দৌলা (এস-৯৬৫), কম্পিউটার অপারেটর, মনপুরা শাখা, ভোলা; ইত:পূর্বে আনোয়ারা শাখা, চট্টগ্রাম-এ কম্পিউটার অপারেটর হিসেবে দায়িত্বপালনকালে শাখার মাঠ সহকারী জনাব সুপর্ণা রাণী ও মাঠ সহকারী জনাব আবদুল ওয়াহিদের নিকট হতে তাদের সন্তানের শিক্ষাভাতা চালু করার সময় ৫০০/- (পাঁচশত) টাকা করে মোট ১০০০/- টাকা উৎকোচ গ্রহণ করেন;

০২। যেহেতু আপনি শাখার মাঠ সহকারী জনাব চম্পা চন্দ- এর জুলাই, ২০২২ মাসের বকেয়া বেতন ভাতা জানুয়ারি, ২০২৩ মাসে পোস্টিং প্রদানের মাধ্যমে তার বেতন সংক্রান্ত জটিলতা নিরসন বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উৎকোচ গ্রহণ করেন;

০৩। যেহেতু আপনি শাখার সাবেক মাঠ সহকারী জনাব সাজাই পু চৌধুরী (বর্তমান কর্মস্থল: নাজুলকোট, কুমিল্লা) এর বকেয়া বেতন ভাতা পোস্টিং বাবদ ডিসেম্বর, ২০২২ মাসে ৬৫,০০০/- টাকা পোস্টিং দিয়ে উক্ত টাকা হতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উৎকোচ গ্রহণ করেন;

০৪। যেহেতু আপনি শাখার সকল কর্মচারীদের সাথে প্রায়শই অত্যন্ত খারাপ ব্যবহার করেন। আপনার আচরণে সবাই ভীত সন্ত্রস্ত থাকে।

০৫। যেহেতু, আপনি জনাব সিরাজুদ্দৌলা, আপনার উল্লিখিত কার্যকলাপে এটি সুস্পষ্ট যে, আপনি পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ মোতাবেক দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ ও দুর্নীতিমূলক অপরাধ সংঘটন করেছেন।

০৬। এফগে, সেহেতু আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক), (খ) ও (ঙ) প্রবিধি মোতাবেক আপনাকে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে অভিযুক্ত করা হলো এবং এতদ্বারা নির্দেশ দেয়া হলো যে, কেন আপনাকে উল্লিখিত প্রবিধানমালার বিধান মোতাবেক চাকরি হতে বরখাস্ত অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির তারিখ হতে ১০(দশ) কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবর ০৩(তিন) প্রস্থে দাখিল করবেন এবং আত্মপক্ষ সমর্থনের জন্য আপনি ব্যক্তিগত শুনানি প্রদান করতে ইচ্ছুক কি-না তাও আপনার জবাবে উল্লেখ করবেন। যদি আপনি নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রদানে ব্যর্থ হন সেক্ষেত্রে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ অনুসারে আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মোকদ্দমাটি একতরফাভাবে নিষ্পত্তি করা হবে।

০৭। যে অভিযোগের উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে তার একটি পৃথক বিবরণী আপনার জবাব প্রদানের সুবিধার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(খান ইকবাল হাসান)

উপ- ব্যবস্থাপনা পরিচালক

জনাব সিরাজুদ্দৌলা (এস ৯৬৫),

কম্পিউটার অপারেটর

মনপুরা শাখা, ভোলা।

পসব্য/প্রকা/প্রশা-২২(৩৯৯)/২০২৩-২০২৪/ ০৮৮/০৮

তারিখ: ২৭ সেপ্টেম্বর, ২০২৩

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক।

০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, আনোয়ারা উপজেলা, চট্টগ্রাম।

০৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক। অভিযোগনামাটি জনাব সিরাজুদ্দৌলা (এস ৯৬৫), কম্পিউটার অপারেটর - এর ব্যক্তিগত নথিতে নথিভুক্ত করার জন্য অনুরোধ করা হলো।

০৫। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয় ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

০৬। জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, চট্টগ্রাম/ ভোলা।

০৭। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মনপুরা শাখা, ভোলা (অভিযোগনামাটি ডাউনলোড করে জনাব সিরাজুদ্দৌলা (এস ৯৬৫), কম্পিউটার অপারেটর -এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য নির্দেশসহ)।

০৮। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আনোয়ারা শাখা, চট্টগ্রাম।

০৯। নথি / ব্যক্তিগত নথি/মহানথি।

(এলিজা জামান সুপ্তি)

পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ মোতাবেক জনাব সিরাজুদ্দৌলা (এস ৯৬৫), কম্পিউটার অপারেটর, আনোয়ারা শাখা, চট্টগ্রাম -এর বিরুদ্ধে যে সকল অভিযোগের উপর ভিত্তি করে শৃঙ্খলাজনিত বিভাগীয় মোকদ্দমা ২২ /২০২৩-২৪ রুজু করা হয়েছে তার বিবরণ:


অভিযোগ বিবরণী

জনাব সিরাজুদ্দৌলা (এস-৯৬৫), কম্পিউটার অপারেটর, মনপুরা শাখা, ভোলা; ইত:পূর্বে আনোয়ারা শাখা, চট্টগ্রাম-এ কম্পিউটার অপারেটর হিসেবে দায়িত্বপালনকালে শাখার মাঠ সহকারী জনাব সুপর্ণা রাণী ও মাঠ সহকারী জনাব আবদুল ওয়াহিদের নিকট হতে তাদের সন্তানের শিক্ষাভাতা চালু করার সময় ৫০০/- (পাঁচশত) টাকা করে মোট ১,০০০/- (এক হাজার) টাকা উৎকোচ গ্রহণ করেন;

০২। তিনি শাখার মাঠ সহকারী জনাব চম্পা চন্দ- এর জুলাই, ২০২২ মাসের বকেয়া বেতন ভাতা জানুয়ারি, ২০২৩ মাসে পোস্টিং প্রদানের মাধ্যমে তার বেতন সংক্রান্ত জটিলতা নিরসন বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উৎকোচ গ্রহণ করেন;

০৩। তিনি শাখার সাবেক মাঠ সহকারী জনাব সাজাই পু চৌধুরী (বর্তমান কর্মস্থল: নাজলকোট, কুমিল্লা) এর বকেয়া বেতন ভাতা পোস্টিং বাবদ ডিসেম্বর, ২০২২ মাসে ৬৫,০০০/- টাকা পোস্টিং দিয়ে উক্ত টাকা হতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উৎকোচ গ্রহণ করেন;

০৪। তিনি শাখার সকল কর্মচারীদের সাথে প্রায়শই অত্যন্ত খারাপ ব্যবহার করেন। তার আচরণে সবাই ভীত সন্ত্রস্ত থাকে।


(খান ইকবাল হাসান) ২৩/৭/২৩
উপ ব্যবস্থাপনা পরিচালক